# কালের কণ্ঠ ১৩.০৭.১৭ (২)

নতুন আইনের বিল সংসদে

## জমি অধিগ্রহণে তিন গুণ ক্ষতিপূরণ

আবুল কাশেম ▷

অনিবার্য প্রয়োজনে সরকার কোনো জমি অধিগ্রহণ করলে ওই এলাকার জমির ১২ মাসের গড় মূল্যের সঙ্গে অতিরিক্ত ২০০ ভাগ ক্ষতিপূরণ পাবেন জমির মালিক। আর জমি অধিগ্রহণ করে কোনো বেসরকারি প্রতিষ্ঠানকে দেওয়া হলে ক্ষতিপূরণের অর্থ হবে আরো বেশি–জমির গড় মূল্যের ৩০০ ভাগ। অর্থাৎ সরকার নিজের প্রয়োজনে ১০০ টাকা মূল্যের জমি অধিগ্রহণ করলে জমির মালিক ৩০০ টাকা (তিন গুণ) এবং বেসরকারি প্রয়োজনে অধিগ্রহণ করলে ৪০০ টাকা (চার গুণ) পাবেন। আগে ক্ষতিপূরণের হার ছিল মাত্র দেড় গুণ। নতুন এ আইনের আওতায় সরকার কোনো জমি ও স্থাপনা অধিগ্রহণ বা হুকুমদখল করলে অন্য কোনো আইনে মামলা করা যাবে না, কোনো আদালত সরকারের সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো আদেশ বা নিষেধাজ্ঞাও জারি করতে পারবেন না। আর অধিগ্রহণ হবে এমন জমির ওপর বাড়তি অর্থ পাওয়ার লোভে

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৫